

22

**শিক্ষা দিবস**  
**পালিত**  
(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)  
ঢাকা ও ঢাকার বাইরে গতকাল  
রোববার 'শিক্ষা দিবস' পালিত  
হয়েছে। ঢাকার বিভিন্ন সংগঠনের  
(৩-এর পৃঃ দ্রঃ)

**শিক্ষা দিবস পালিত**

(প্রথম পৃঃ পর)  
কমসূচীর মধ্যে ছিল কেন্দ্রীয়  
শহীদ মিনারে পুষ্পমালা অর্পণ,  
মহানগরীর নানাস্থানে আলোচনা  
সভা, সেমিনার ও সমাবেশ।  
১৯৬২ সালের এ দিনে হামসুর  
রহমান শিক্ষা কমিশনের বিরুদ্ধে  
আন্দোলন করতে গিয়ে প্রাণ  
দিয়েছিলেন মোস্তফা ওয়াহি-  
উজ্জাহ বাবুল প্রমুখ।

কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক  
সমিতি আয়োজিত সেমিনারে  
বক্তারা সম্মান ও দলনীতির হাত  
থেকে শিক্ষাক্ষেত্র রক্ষায় সকলকে  
ঐক্যবদ্ধভাবে এগিয়ে আসার  
আহ্বান জানান।

গতকাল বিকাল ৫টায় টিএস-  
সিডে 'সম্মান ও দলনীতির হাত  
থেকে শিক্ষাকে বাঁচাও' শীর্ষক  
এ সেমিনার অনুষ্ঠিত হয়।

ডঃ রফিকুল সেনের সভা-  
পতিত্বে অনুষ্ঠিত সেমিনারে  
মলে প্রবন্ধ পাঠ করেন ঢাকা  
বিশ্ববিদ্যালয়ের পালি ও সং-  
স্কৃত বিভাগের শিক্ষক জনাব  
নিরঞ্জন অধিকারী। উপস্থাপিত  
প্রবন্ধের উপর আলোচনা করেন  
জনাব সূফী মোতাহার হোসেন,  
ডঃ সুলতান বড়ুয়া, গৌরী প্রসন্ন  
চক্রবর্তী এবং অধ্যাপিকা হোসেন  
আরা বেগম।

সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট শিক্ষা  
দিবস উপলক্ষে বিকাল ৫টায়  
টিএসসির সড়ক স্বীপে এক  
আলোচনা সভার আয়োজন করে।  
মোশাররফ হোসেন সভা-  
পতিত্বে অনুষ্ঠিত এ আলোচনা  
সভার বক্তব্য রাখেন সংগঠনের  
নেতা মোস্তফা ফরুক, বেলাল  
চৌধুরী, বজলুর রশীদ মিরোজ,  
মোস্তাক আলম টুল প্রমুখ।

আলোচনা সভার বক্তাগণ গণ  
তান্ত্রিক শিক্ষা ব্যবস্থা প্রতিষ্ঠা  
এবং সাংপ্রদায়িকতা উচ্ছেদের  
ক্ষেত্র ছাত্র সমাজের বহুতর ঐক্য  
প্রতিষ্ঠার আহ্বান জানান।

ছাত্র বিপ্লবী মঞ্চ গতকাল  
সারা দেশে সভা সমাবেশ ও  
বিক্ষেত্র মিছিলের আয়োজন  
করে।

ছাত্র লীগ (শা-শে) এর  
উদ্যোগে গতকাল বিকাল ৪টায়  
জাতীয় প্রেস ক্লাবের সামনে এক  
ছাত্র সমাবেশ অনুষ্ঠিত হয়।  
সমাবেশে বক্তব্য রাখেন সংগঠনের  
নেতা দল্লতুল্লাহ রহমান চৌধুরী  
চৌধুরী প্রমুখ।

বিপ্লবী ছাত্র ধারা এ উপলক্ষে  
সংগঠন কার্যক্রমে এক আলোচনা  
সভার আয়োজন করে। আলোচনা  
সভার বক্তব্য রাখেন আফিরুল  
হক আমিন, ফজলে হক রিগান  
চপতী সাহা প্রমুখ।

এছাড়া জাতীয় ছাত্রদল, ছাত্র-  
(খো-ই) বাংলাদেশ ছাত্র  
উপলক্ষে গতকাল

আয়োজন করে।  
এর আগে গতকাল ভোরে  
ডাকসু ছাত্র লীগ (হা-অ)  
বাংলাদেশ ছাত্র ইউনিয়ন সমাজ-  
তান্ত্রিক ছাত্র ফ্রন্টসহ বিভিন্ন  
সংগঠন কেন্দ্রীয় শহীদ মিনারে  
পুষ্পমালা অর্পণ করে।

চট্টগ্রাম থেকে স্টাফ রিপোর্টার  
জানান জাতীয়তাবাদী ছাত্র দল,  
ছাত্রলীগ (হা-অ) গণতান্ত্রিক  
ছাত্র ইউনিয়ন এবং বাংলাদেশ ছাত্র  
ইউনিয়ন গতকাল শিক্ষা দিবস  
উপলক্ষে কমসূচী পালন করে।

173